

১০
ফিল্ম?

শেকুবি ভিসির পদত্যাগ দাবিতে চ্যাম্বেলরকে শিক্ষক সমিতির স্মারকলিপি

শেকুবি সংবাদদাতা ৯ শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য ড. এ.এম ফারুকের পদত্যাগ দাবিতে শিক্ষক সমিতি প্রধান উপদেষ্টা ও চ্যাম্বেলর, শিক্ষা মন্ত্রণালয়ের সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যানের কাছে স্মারকলিপি পেশ করেছে। স্মারকলিপিতে ভিসির বিরুদ্ধে নিয়োগ বাগিছা, ছাত্র ভর্তিতে জালিয়াতি, নিয়োগবিধি লঙ্ঘন, অতিরিক্ত জনবল নিয়োগ, আর্থিক শৃঙ্খলা ভঙ্গ, দায়িত্বকানহীনভাবে বিশ্ববিদ্যালয় পরিচালনা, দুর্নীতিবাজদের তৈরি ও সাধারণ শিক্ষকদের নিপীড়নের অভিযোগ আনা হয়েছে। স্মারকলিপিতে ভিসির পদত্যাগ দাবি করে বলা হয়েছে, ভিসি ড. এ.এম ফারুক শিক্ষা মন্ত্রণালয়ের অগোচরে এক সঙ্গে দু'টি কৃষি বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ পদে অবৈধ দায়িত্ব পালন করছেন। গত ৩০ জুন তার বয়স ৬০ বছর অতিক্রান্ত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের আইন ও শিক্ষকদের নীতিমালা-২০০৬ এর (জ) ধারা অনুযায়ী কোন শিক্ষক এই বয়সে আর প্রশাসনিক দায়িত্ব পালন করতে পারেন না। শ্রেয়ণে থাকা সত্ত্বেও তিনি শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি না নিয়েই গত ১ জুলাই ময়মনসিংহস্থ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন। শেকুবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোঃ আনোয়ারুল হক বেগ বলেন, বর্তমান ভিসির নৈতিকতা, সততা ও আন্তরিকতা আজ প্রশ্নের সম্মুখীন। ভিসি পদে থাকার কোন নৈতিক অধিকার তার নেই।